

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
www.emrd.gov.bd

নং-২৮.০০.০০০০.০২০.৯৯.০৯৬.১৮.১৬৭১

তারিখ: ০২ আশ্বিন ১৪২৫
১৭ সেপ্টেম্বর ২০১৮সভার নোটিশ

৪র্থ জাতীয় উন্নয়ন মেলা উদ্বোধনের লক্ষ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং এর অধীনস্থ দপ্তর/সংস্থা/কোম্পানির কর্মপরিকল্পনা নির্ধারণের নিমিত্ত গত ১৩-০৯-২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার অনুবৃত্তিক্রমে আগামী ১৯-০৯-২০১৮ তারিখ বিকাল ০৩.০০ টায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে এক সভা এ বিভাগের সম্মেলন কক্ষে (কক্ষ নং-১২১, ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়) অনুষ্ঠিত হবে।

২। সভায় উন্নয়ন মেলার নিম্নোক্ত বিষয়ে প্রস্তুতিসহ উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

কর্মপরিকল্পনার জন্য প্রস্তুতির বিষয়সমূহ:

১. দপ্তর/সংস্থা/কোম্পানি সংশ্লিষ্ট ন্যূনপক্ষে ৫ (পাঁচ) টি স্লোগান নির্ধারণ করে সভায় উপস্থাপন করতে হবে;
২. সংস্থা/কোম্পানিভিত্তিক ন্যূনপক্ষে একটি করে সেবা চিহ্নিত করে মেলায় কিভাবে সে সেবা প্রদান করা হবে-তার বিবরণসহ সভাকে অবহিত করতে হবে;
৩. নিম্নোক্ত ছকে কর্মপরিকল্পনা প্রস্তুত করতে হবে:

আলোচ্য বিষয়	প্রস্তাবিত সিদ্ধান্ত	বাস্তবায়নের কর্মপন্থা	মন্তব্য

৪. কোন সংস্থা/কোম্পানি কোন্ কোন্ জেলায় অংশগ্রহণ করবে-তা নির্ধারণ;
৫. যে সব প্রকল্পের কাজ প্রদর্শনযোগ্য-তা চিহ্নিতকরণ;
৬. সংস্থা/কোম্পানীর ডকুমেন্টারি (ভিডিও ক্লিপ) তৈরি/পুনর্বিন্যাস;
৭. জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে ১৩-০৯-২০১৮ তারিখে অনুষ্ঠিত সভায় প্রদত্ত নির্দেশনা এবং প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রাপ্ত কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুযায়ী অন্যান্য বিষয়;
৮. বিবিধ।

(মোহাম্মদ কামরুজ্জামান)

উপসচিব

ফোন: ৯৫১৪১৬৫

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি), চট্টগ্রাম।
২. চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা), ঢাকা।
৩. অতিরিক্ত সচিব, ব্রু ইকোনমি সেল, পেট্রোসেন্টার, কাওরান বাজার, ঢাকা।
৪. মহা-পরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই), ঢাকা।
৫. সকল কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৬. মহা-পরিচালক, হাইড্রোকার্বন ইউনিট, ঢাকা।
৭. সচিব, বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি), ঢাকা।
৮. মহা-পরিচালক, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি), ঢাকা।
৯. পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি), ঢাকা।
১০. প্রধান বিস্ফোরক পরিদর্শক, বিস্ফোরক পরিদপ্তর, ঢাকা।
১১. ব্যবস্থাপনা পরিচালক, টিজিটিডিসিএল/বিজিডিসিএল/জেজিটিডিএসএল/পিজিসিএল/কেজিডিসিএল/বিজিএফসিএল/এসজিএফসিএল/জিটিসিএল/বাপেক্স/আরপিজিসিএল/বিসিএমসিএল/এমজিএমসিএল/এসজিসিএল/পদ্মা অয়েল কো: লি:/মেঘনা পেট্রোলিয়াম লি:/যমুনা অয়েল কো: লি:/ইআরএল/এলপিজি, এসওসিএল, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।
২. উপসচিব (নিরাপত্তা-২), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সংশ্লিষ্ট সকলকে বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের অনুরোধসহ)।
৩. উপসচিব (প্রশাসন-১ অধিশাখা), বিদ্যুৎ বিভাগ।
৪. সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৫. অতিরিক্ত সচিব (সকল) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৬. যুগ্ম-সচিব (সকল) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৭. সরকার মোহাম্মদ ফায়জুল হক, প্রশাসনিক কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।